

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৩৩

আগরতলা, ১০ ডিসেম্বর, ২০২৩

প্রকাশিত সংবাদ সম্পর্কে উদ্যান ও ভূমি সংরক্ষণ অধিকারের স্পষ্টিকরণ

স্থানীয় বিভিন্ন পত্রিকায় সম্প্রতি মিদিলি ও মিগজাম ঘূর্ণির প্রভাবে রাজ্যে অসময়ে অতিবর্ষনে আলু সহ শীতকালিন সজ্জির ক্ষতি হয়েছে - এই বিষয়ে প্রকাশিত সংবাদ উদ্যান ও ভূমি সংরক্ষণ অধিকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সম্পর্কে উদ্যান ও ভূমি সংরক্ষণ অধিকারের পক্ষ থেকে জানানো হয়েছে, গত ১৬ ও ১৭ নভেম্বর মিদিলি ঘূর্ণির প্রভাবে রাজ্যে অসময়ে অতি বর্ষন হয়। ফলে রাজ্যের ২০ হাজার ৭৮ জন কৃষকের ২ হাজার ৫৭৯ হেক্টর জমির আলু সহ শীতকালিন সজ্জি ফসলের ক্ষতি হয়। ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক ভাবে রাজ্য দুর্যোগ মোকাবিলা তহবিল থেকে সহায়তা প্রদান করার জন্য উদ্যান ও ভূমি সংরক্ষণ অধিকারের পক্ষ থেকে রাজ্য সরকারের রাজস্ব দপ্তরে ৪ কোটি ৩৯ লক্ষ টাকার সহায়তা চেয়ে প্রস্তাব পাঠানো হয়েছে।

উদ্যান ও ভূমি সংরক্ষণ অধিকারের পক্ষ থেকে আরও জানানো হয়েছে গত ৭ ও ৮ ডিসেম্বর পুনরায় মিগজাম ঘূর্ণির প্রভাবে অসময়ে রাজ্যের বিভিন্ন এলাকায় অতি বর্ষন হয়। ফলে আলুসহ শীতকালিন সজ্জির ক্ষতি হয়। প্রাথমিক পর্যবেক্ষণে রাজ্যের ৯ হাজার ৬২ জন কৃষকের ১ হাজার ৮৫১ হেক্টর জমির ৩,৩২৫ লক্ষ টাকার আলুসহ শীতকালিন সজ্জির ক্ষতির সম্ভাবনা দেখা যাচ্ছে। শীঘ্রই চূড়ান্ত ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিকভাবে সহায়তা করার জন্য পুনরায় রাজ্য সরকারের রাজস্ব দপ্তরের নিকট প্রস্তাব পাঠানো হবে।

\*\*\*\*\*